বিএলআরআই লেয়ার -১ (শুভ্রা) মুরগির বাণিজ্যিক সফলতা

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) এর কারিগরি সহায়তায় পোল্ট্রির উন্নয়নের লক্ষ্যে ১৯৯৯ সালে একটি পোল্ট্রি ব্রীডিং প্রোগ্রামের কাজ হাতে নেয়। উক্ত ব্রীডিং প্রোগ্রামের আওতায় চারটি পিওর লাইন জাপানের ন্যাশনাল লাইভস্টক ব্রীডিং সেন্টার (NLBC), ওকাজাকি স্টেশন, হতে সংগ্রহ করা হয়। ব্রীডিং প্রোগ্রামের আওতায় পিওর লাইনগুলিকে সিলেকশন ব্রীডিং এর মাধ্যমে জেনেটিক পটেনসিয়ালিটি উন্নয়ন করা হয়েছে। উক্ত পিওর স্টকগুলো হতে লাইন ব্রীডিং এর মাধ্যমে একটি ডিম পাড়া মুরগির জাত উদ্ভাবন করা হয, যাহা বিএলআরআই লেয়ার -১ (শুভ্রা) নামে পরিচিত। ইতোমধ্যে খামারি পর্যায়ে জাতটি লালন-পালন করে এর উৎপাদন দক্ষতা যাচাই করা হয়েছে। উদ্ভাবিত জাতটি দেশের বিভিন্ন প্রযুক্তি হস্তান্তর এলাকার পোল্ট্রি খামারিগণ লালন-পালন করে সফলতা অর্জন করেছে।



চিত্র-১ঃ বিএলআরআই লেয়ার -১(শুভ্রা)

বিএলআরআই লেয়ার -১ (শুভ্রা) এর বাহ্যিক বৈশিষ্ট্যাবলী

পালকের রং	সাদাটে (off white)
দেহের আকার	ত্রিকোণাকৃতি
চামড়ার রং	সাদাটে (off white)
ঝুঁটির রং	লাল
ঝুঁটির প্যাটার্ন	একক (Single comb)
গলার পালক	স্বাভাবিক
ডিমের খোসার রং	হালকা বাদামী (দেশী মুরগীর ডিমের অনুরুপ)
পায়ের নলার রং	হালকা হলুদ



চিত্র-২ঃ বিএলআরআই লেয়ার -১ (শুভ্রা) এর দৈহিক ওজন বৃদ্ধি

বিএলআরআই লেয়ার -১ (শুভ্রা) এর উৎপাদন দক্ষতা

প্রাপ্ত বয়স্ক দৈহিক ওজন	১৭০০ গ্রাম (৩০ সপ্তাহ)
দৈনিক খাদ্য গ্রহণ	১১৫-১২০ গ্রাম (৩০-৭২ সপ্তাহ)
প্রথম ডিম পাড়ার বয়স	১৯ সপ্তাহ
বাৎসরিক ডিম উৎপাদনের সংখ্যা	২৮০-২৯৫ টি
ডিমের গড় ওজন	৬২ গ্রাম (৩৮ সপ্তাহ)

ব্রীডিং ফ্লকের Male এবং Female লাইন সম্পর্কিত তথ্যাবলী

Male এবং Female ব্রীডার লাইন এর জন্য বিএলআরআই এ সীমিতভাবে পেডিগ্রী বাচ্চা উৎপাদন এবং রক্ষণাবেক্ষণ করা হচ্ছে। কেইজে কৃত্রিম প্রজননের মাধ্যমে প্যারেন্ট স্টকের জন্য হ্যাচিং ডিম উৎপাদন করা হয় এবং নিজস্ব হ্যাচারীতে ডিম ফুটানো হয়।

Male এবং Female লাইনের পুনরুৎপাদন দক্ষতা

Male লাইন

উর্বরতার হার	৯২.৪২%
বাচ্চা ফোটার হার	৮১.২৩%
ভাল বাচ্চার হার	৮২.৫৭%

Female লাইন

উর্বরতার হার	৯২.৩৩%
বাচ্চা ফোটার হার	৯০.১৪%
ভাল বাচ্চার হার	৮৭.৭৯%



চিত্র-৩ঃ প্যারেন্ট Male লাইন

Male এবং Female প্যারেন্টের উৎপাদন দক্ষতা

Male প্যারেন্ট

প্রাপ্ত বয়স্ক দৈহিক ওজন	২৭০০ গ্রাম

Female প্যারেন্ট

প্রাপ্ত বয়স্ক দৈহিক ওজন	১৭০০ গ্রাম
প্রথম ডিম পাড়ার বয়স	২১ সপ্তাহ
গড় ডিম উৎপাদনের হার	৭৭%
ডিমের গড় ওজন	৫৭ গ্রাম



চিত্র-৪ঃ প্যারেন্ট Female লাইন

প্যারেন্ট Male এবং Female কে কেইজে রেখে কৃত্রিম প্রজনন এর মাধ্যমে হ্যাচিং ডিম সংগ্রহ করা হয় এবং নিজস্ব হ্যাচারীতে ডিম হতে বাণিজ্যিক বাচ্চা ফোটানো হয়, যাহা বিএলআরআই লেয়ার -১ নামে বাজারজাত করা হয়।

বিএলআরআই লেয়ার -১ (শুভ্রা) এর প্যারেন্টের তথ্যাদি

উর্বর ডিম	৮৭.৮২%
বাচ্চা পরিস্ফুটনের হার	৯২.৬২% (উর্বর ডিমের ভিত্তিতে)
সুস্থ ও সবল বাচ্চার হার	৮৮.৪৯% (উর্বর ডিমের ভিত্তিতে)
সুস্থ ও সবল বাচ্চার হার	৭৭.৭২% (মোট ডিম বসানোর ভিত্তিতে)
একদিন বয়সের বাচ্চার ওজন	৪০ গ্রাম



বিএলআরআই লেয়ার -১ (শুভ্রা) এর প্যারেন্টের তথ্যাদি

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট সীমিত সুযোগ-সুবিধার মধ্যে অল্প সংখ্যক বিএলআরআই লেয়ার -১(শুভ্রা) বাচ্চা উৎপাদন করছে। প্রাণিসম্পদ অধিদপ্তর বা অন্য কোন সরকারি - বেসরকারি সংস্থার মাধ্যমে অধিক সংখ্যক বিএলআরআই লেয়ার -১ বাচ্চার উৎপাদনের ব্যবস্থা করা দরকার। এতে করে দেশে বাণিজ্যিক লেয়ার মুরগির বাচ্চার স্থানীয় চাহিদা অনেকাংশে পূরণ হবে এবং বিদেশ থেকে আমদানীকৃত প্যারেন্টস্টকের লেয়ার বাচ্চার উপর নির্ভরতা কমানো সম্ভব, ফলে বৈদেশিক মুদ্রার সাশ্রয় হবে। ডিম পাড়া মুরগি উৎপাদন ব্যবস্থার ভিত মজবুত হবে।

প্রযুক্তির উদ্ভাবক

ড. মোঃ নজরুল ইসলাম, ড. হালিমা খাতুন, ড. মোহাম্মদ আব্দুর রশিদ, ড. কামরুন নাহার মনিরা, ড. শাকিলা ফারুক, ড. মোঃ সাজেদুল করিম সরকার, ড. মোঃ রাকিবুল হাসান, ড. সাবিহা সুলতানা এবং মোঃ আতাউল গনি রাব্বানী